

এ বার আইপিএলে নজর জিন্দালদের

এই সময়: ফুটবলের পর এ বার দেশের ক্রিকেট দুনিয়াতেও পা ফেলতে চান জিন্দালরা। আইপিএলে নয় কিনতে অত্যন্ত আগ্রহী জেএসডব্লিউ গোষ্ঠী। বুধবার কলকাতায় জেএসডব্লিউ গোষ্ঠীর অন্যতম কর্ণধার তথা সজ্জন জিন্দাল-পুত্র পার্থ জিন্দাল বলে দেন, তাঁরা প্রতি বছর খেলাধুলো ক্ষেত্রে ৫০ কোটি টাকা বিনিয়োগ করেন।

এবার আইএসএলে খেলবে। অথচ, মোহনবাগান ও ইস্টবেঙ্গল আই লিগে খেলবে। পার্থের আক্ষেপ, 'মোহনবাগান, ইস্টবেঙ্গল-ই তো ফুটবল। ওদের ছাড়া আমাদের দেশের ফুটবল ভাবাই যায় না। তাই আমি দেখতে চাই মোহনবাগান, ইস্টবেঙ্গল-ও আইএসএলে খেলুক। ভাবুন তো, বছরের পর বছর লোকসান করেও ওরা

‘মোহনবাগান, ইস্টবেঙ্গলই তো ফুটবল’

আইপিএলে কি কোনও দল কিনবেন? পার্থের জবাব, 'আইপিএলে কোনও দল কিনতে আমরা অত্যন্ত আগ্রহী। আমরা এটাও জানি কোন দলের মালিকরা অংশীদারিত্ব বিক্রি করতে পারে। কিন্তু, প্রত্যেকে এখন নতুন টেলিভিশন স্বপ্ন বিক্রি চুক্তির জন্য অপেক্ষা করছে। চুক্তির অঙ্ক ঘোষিত হওয়ার পর কেউ কেউ তাঁদের অংশীদারিত্ব বিক্রি করার পরিকল্পনা স্থগিতও রাখতে পারেন। তবে আইপিএল-এ আমরা দল কিনলে তা পুরোপুরি ব্যবসায়িক উদ্দেশ্যেই কিনব।'

জেএসডব্লিউ গোষ্ঠীর বেঙ্গালুরু এফসি

ফুটবল দল গড়তে প্রতি বছর বিনিয়োগ করে চলেছে।' পার্থ অবশ্য স্পষ্ট জানিয়ে দিয়েছেন, আইএসএলে খেলা কোনও টিমের পক্ষে পাঁচ বছরের আগে প্রেক-ইন্ডেন করা সম্ভব নয়।

অলিম্পিকে ভারতের কল ভাগ করার সঙ্গে অস্ট্রেল বিজয়নগরে প্রতিশ্রুতিবান যুব ক্রীড়াবিদদের জন্য হাই পারফরম্যান্স ট্রেনিং অ্যাকাডেমি চালায় জেএসডব্লিউ ইস্টেলেকট্রয়াল প্রপার্টিজ হোল্ডিং। বর্তমানে ৩০০ ক্রীড়াবিদ সেখানে প্রশিক্ষণ নিচ্ছে। গত চার বছরে এই অ্যাকাডেমি চালাতে তাঁরা ১৫০ কোটি টাকা খরচ করেছেন বলে পার্থ জানান।